

নথি নং-৩৭.০০.০০০০.০৭৬.০৮.০১৪.২০১৬-৪৫২

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ  
১৮ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

যেহেতু, কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (ভোকেশনাল) কর্তৃক গত ১৭ এপ্রিল ২০১৬ খ্রি: তারিখে পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ পরিদর্শনকালে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল মালেক এর বিরুদ্ধে একাডেমিক ও প্রশাসনিক কাজে অদক্ষতা, অব্যবস্থাপনা, অমনোযোগিতা, আর্থিক অনিয়ম ও অসঙ্গতি, স্বেচ্ছাচারিতা, দুর্নীতিসহ নিয়মিত অফিসে উপস্থিত না থাকার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল মালেক এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে গুরুদন্ডের আওতায় শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য; এবং

যেহেতু, প্রাথমিক তদন্তে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত হিসেবে অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল মালেক এর বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজুসহ তাকে এ পর্যায়ে চাকুরি থেকে জনস্বার্থে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও আবশ্যিক বলে প্রতিয়মান হয়েছে;

সেহেতু, পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ এর অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল মালেক এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হলো; এবং

সেহেতু, সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি অনুযায়ী জনাব মোঃ আব্দুল মালেক কে সাময়িকভাবে বরখাস্ত (Suspension) করা হলো।

- ২। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা পাবেন;
- ৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


স্বাক্ষরিত/-  
(মোঃ সোহরাব হোসাইন)  
সচিব

নথি নং-৩৭.০০.০০০০.০৭৬.০৮.০১৪.২০১৬-৪৫২

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ  
১৮ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জৈষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।  
(সাময়িকভাবে বরখাস্তকৃত (Suspension) জনাব মোঃ আব্দুল মালেক এর বিষয়ে পরবর্তী কার্যক্রমসহ উক্ত প্রতিষ্ঠানের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য সাময়িকভাবে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের অনুরোধ করা হলো।)
- ২। পরিচালক (ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। অধ্যক্ষ, পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ, পটুয়াখালী।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী।
- ৭। জনাব মোঃ আব্দুল মালেক, অধ্যক্ষ, পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ, পটুয়াখালী।

  
(মোঃ হায়দার আলী মোস্তাফিজ)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫ ৬৪ ৫৫২